



চট্টগ্রাম বন্দর পূজা মন্দির

৩নং সড়ক, বন্দর উত্তর আবাসিক এলাকা, বন্দর, চট্টগ্রাম।

/২০/২০২২/

/০৮/২০২২ ইং

স্মারক নম্বর : চরপূম/

নিয়োগ বিজ্ঞপ্তি নং-০১/২০২২

তারিখ :

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ কর্তৃক পরিচালিত “চট্টগ্রাম বন্দর পূজা মন্দিরে” নিম্নবর্ণিত শর্তাদি পালন সাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে সর্বসাকুল্য বেতনে “সহকারী পুরোহিত” পদে নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।


ক্রমিক নং	পদের নাম	পদ সংখ্যা	মাসিক বেতন/ টাকা	বয়স সীমা	প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১।	সহকারী পুরোহিত	০১টি	সর্বসাকুল্যে ১৪,৫০০/- (বার্ষিক দুটি উৎসব বোনাস সহ চবক কর্তৃক প্রদত্ত অন্যান্য সুবিধাদি রয়েছে)	০১/০৯/২০২২ তারিখে বয়স ২৫-৩৫ বছরের মধ্যে হতে হবে।	(১) সনাতন ধর্মাবলম্বী ব্রাহ্মণ সম্প্রদায়ভুক্ত হতে হবে। (২) ন্যূনতম এস,এস,সি পাস হতে হবে। (৩) সুস্পষ্ট সংস্কৃত মন্ত্র (বেদ, চণ্ডী, গীতা, ভাগবত ইত্যাদি) উচ্চারণের সক্ষমতা থাকতে হবে। কাব্যতীর্থ পাশ প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে। (৪) হারমোনিয়াম/মৃদঙ্গ বাজিয়ে কীর্তন করার দক্ষতা থাকতে হবে। (৫) মন্দিরের বিভিন্ন পূজা-পার্বণ/উৎসব পরিচালনায় কমপক্ষে ০৫(পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। সরকারি বা স্বনামধন্য ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে এ সংক্রান্ত প্রশিক্ষণ/অভিজ্ঞতা সনদ দাখিল করতে হবে।

সহকারী পুরোহিতের কর্মপরিধিঃ

- (১) বিভিন্ন পূজা-পার্বণ/উৎসবে পন্ডিত ও পুরোহিতকে সার্বিক সহযোগিতা করা।
- (২) মন্দিরের যাবতীয় প্রসাদ এবং ভোগ তৈরি ও বিতরণে সহায়তা করা।
- (৩) পন্ডিত/পুরোহিতের অনুপস্থিতিতে মন্দিরের দৈনন্দিন পূজা ও অন্যান্য কার্যক্রম পরিচালনা করা।
- (৪) মন্দির ও মন্দির প্রাঙ্গণের পরিষ্কার পরিচ্ছন্নতাসহ সার্বিক নিরাপত্তা কার্যক্রম তদারকি করা।
- (৫) চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ অথবা পূজা মন্দির পরিচালনা পরিষদের নির্দেশনা অনুযায়ী অন্যান্য দায়িত্ব পালন করা।

আবেদন পদ্ধতিঃ

- (১) আহ্বায়ক, নিয়োগ কমিটি বরাবরে লিখিত আবেদনসহ আগামী ১০/০৯/২০২২ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় চট্টগ্রাম বন্দর পূজা মন্দিরে (৩ নং সড়ক, বন্দর উত্তর আবাসিক এলাকা, বন্দর, চট্টগ্রাম) নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। আবেদনের সাথে প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত জাতীয়তা, চারিত্রিক, শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা এবং অভিজ্ঞতার সনদপত্র সংযুক্ত করতে হবে। এছাড়া মূল সনদ/ কাগজপত্রসমূহ সাথে রাখতে হবে।
- (২) আবেদন পত্রে পদের নাম, প্রার্থীর নাম, পিতা-মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, নিজ জেলা, মোবাইল নং, জন্ম তারিখ, বয়স, ধর্ম, জাতীয়তা, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, শখ ও অন্যান্য পাঠ্যসূচী বহির্ভূত কার্যাদি (যদি থাকে) উল্লেখ করতে হবে।
- (৩) প্রার্থীদের যাতায়াতের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবেনা।
- (৪) নিয়োগ পরীক্ষায় আবেদন বা অংশগ্রহণ চাকুরীতে নিয়োগের কোন নিশ্চয়তা প্রদান করেনা। নিয়োগের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- (৫) কোন প্রকার সুপারিশ অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।


আহ্বায়ক

সংশ্লিষ্ট নিয়োগ কমিটি
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ।